# জেলা পরিষদ কার্যালয় ঝিনাইদহ

www.zpjhenaidah.gov.bd

নং ৪৬.৪৪.৪৪০০.০০০.০০১.১১.০০০৭.০৮.১৮৯

তারিখ : ০৮ শ্রবাণ ১৪৩৩ বং
২৩ জুলাই ২০২৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ অধিশাখার ২৮.০৪.২০২৬ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১০.১৯.৭৪৮ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক ঝিনাইদহ জেলা পরিষদের নিম্নলিখিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে লোক নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | সার্ভেয়ার | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ১টি | ১৮-৩২ | এসএসসি/সমমানপাশ সহ ৪ বছরের সার্ভে ইনস্টিটিউট হতে ডিপ্লোমা থাকতে হবে। |

## আবেদনের শর্তাবলী

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে। প্রার্থীর বয়স ১৬ আগস্ট ২০২৬ খ্রি. তারিখে সকল ক্ষেত্রে ১৮ হতে ৩২বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
২. প্রার্থীকে নির্ধারিত ফরমে স্পষ্টভাবে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। স্বহস্তে লিখিত ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
৩. নির্ধারিত আবেদন ফরমটি জেলা পরিষদের ওয়েবসাইট www.zpjhenaidah.gov.bd ও জেলা পরিষদ কার্যালয়, ঝিনাইদহ হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহকে সম্বোধন করে ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে
৫. আবেদনের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবীযুক্ত স্পষ্ট সীল) কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৫ সে.মি. সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ, অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধা কোটায় (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখ পূর্বক উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি, নির্দিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ সংযুক্ত করতে হবে।
৬. আবেদনপত্র আগামী ১৬ আগস্ট ২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি জেলা পরিষদ, ঝিনাইদহে পৌছাতে হবে। বিলম্বে প্রেরিত আবেদনপত্র, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ঘষামাজা আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৭. প্রার্থী যদি বাংলাদেশের নাগরিক না হন, ফৌজদারী আদালত কর্তৃক দণ্ডিত হন কিংবা কোন সরকারি প্রতিষ্ঠান হতে বরখাস্ত হন তবে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।
৮. আবেদনের সাথে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ সম্বোধন করে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে ৫০০/-(পাঁচশত) টাকার অফেরত যোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার জমা দিতে হবে।
৯. যোগাযোগের সুবিধার্থে আবেদনের সঙ্গে ১০ (দশ) টাকার ডাকটিকিট যুক্ত নিজ ঠিকানা সম্বলিত (যে ঠিকানায় প্রবেশপত্র পেতে চান) ০১ (এক) টি ১০ইঞ্চি x ৪.৫ ইঞ্চি ফেরত খাম প্রেরণ করতে হবে।
১০. সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত কোটা সম্পর্কিত নির্দেশনাবলী অনুসরণ করা হবে।
১১. মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
১২. চাকুরিরত প্রার্থীদের স্ব-স্ব বিভাগের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে।
১৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
১৪. লিখিত পরীক্ষার জন্য প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হবে। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৫. নিয়োগের ক্ষেত্রে বিধি মোতাবেক লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।
১৬. আবেদনকারীকে অবশ্যই তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।
১৭. কোন জিজ্ঞাসা থাকলে/জরুরী প্রয়োজনে সরাসরি জেলা পরিষদ, ঝিনাইদহে অথবা ০১৯৩৯-৩৩৮৬৩৪ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

স্বাঃ/-

মোঃ সেলিম রেজা পিএএ
উপসচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঝিনাইদহ।
ফোনঃ ০২৪৭৭৭৪৭১৮৯
zpjhenaidah@yahoo.com

আরপি-১০১৮/২৬ (৮''x৪)

# জেলা পরিষদ, কুমিল্লা

www.zp.cumilla.gov.bd

স্মারক নং-৪৬.২০.১৯০০.০০১.১১.০৪৩.২৩-৩৯৮

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩
০৫ জুলাই ২০২৬ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ শাখা) ৩০.১২.২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৪.১৭.১৬২০.০৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৪.১৭.১৯২৪ এবং ২৭ এপ্রিল ২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৪.১৭.৭৩৯ নম্বর স্মারকের ছাড়পত্রের আলোকে কুমিল্লা জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে ২০১৫ সনের জাতীয় বেতন স্কেল অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | হিসাবরক্ষক | ০১টি | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ স্নাতক ডিগ্রি। (কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হইবে)। |
| ০২. | ড্রাইভার | ০১টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | হালকা যান চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে এবং ইংরেজি ও বাংলা শব্দ পড়িবার সাধারণ জ্ঞানের অধিকারী হইতে হইবে। |
| ০৩. | অফিস সহায়ক | ০৩টি | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তসমূহ:**

০১। আগ্রহী প্রার্থীদের আবেদন ফরমে বর্ণিত তথ্যাদি উল্লেখপূর্বক প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ কুমিল্লা বরাবরে আগামী ৩১-০৮-২০২৬ খ্রিঃ তারিখ বিকেল ৪.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে আবেদনপত্র পৌছাতে হবে। বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং স্বাক্ষরবিহীন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ যোগ্য হবে না।

০২। আবেদনকারীর বয়স ৩১-০৮-২০২৬ খ্রিঃ তারিখে ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে।

০৩। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার বা বীরঙ্গনার সন্তান/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধান অনুসরণ করা হবে। প্রার্থীকে তার দাবীকৃত কোটা সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্র/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি।

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/প্রশাসক/কর্তৃক স্বাক্ষরিত নাগরিক সনদপত্রের মূল কপি।

(ঘ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে প্রমাণক প্রদত্ত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হতে হবে।

(ঙ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূল কপি।

(চ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি।

(ছ) আবেদনের সাথে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে "প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লা" এর অনুকূলে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকার পে- অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) পরীক্ষার ফি বাবদ দাখিল করতে হবে।

(জ) ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

(ঝ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে)।

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

০৫। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী অন্যূন (নবম গ্রেডের গেজেটেড কর্মকর্তা) কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল থাকতে হবে।

০৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৭। প্রবেশপত্র প্রেরণের লক্ষ্যে আবেদনের সাথে আবেদনকারীর নাম ও ঠিকানা উল্লেখ করে ১০X৪ সাইজের ১০/-টাকা মূল্যের ডাকটিকিট লাগানো একটি আলাদা ফেরত খাম সংযুক্ত করতে হবে।

০৮। প্রার্থীকে খামের উপর মোটা অক্ষরে পদের নাম এবং প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৯। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০। সর্বমোট সরকারি নিয়োগ বিধি মতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১১। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতার সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

১২। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে বা শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট/নাগরিকত্বের সনদ/কোন ধরনের সনদপত্র বা তথ্যাদি ভুয়া প্রমাণিত হলে অথবা চাকুরীতে নিয়োগের পরও পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে যে কোন সময় আবেদনকারীর আবেদনপত্র/নিয়োগ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। চাকুরীর শর্তাবলী, বেতনভাতা/সুযোগ-সুবিধার ক্ষেত্রে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯০ (সর্বশেষ ২০২৪ সালে সংশোধিত) অনুযায়ী নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধিবিধান/আদেশ/নিয়মাবলী এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিবিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। জেলা পরিষদ আইন-২০০০, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯০ জেলা পরিষদ কর্মচারী (ভবিষ্য তহবিল ও আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮ এবং এ সংক্রান্ত প্রযোজ্য বিধিবিধান অনুযায়ী নিয়োগ প্রাপ্ত ব্যক্তিগণ বেতন-ভাতাদিসহ পদের সাথে সম্পৃক্ত আর্থিক সুবিধা জেলা পরিষদ হতে প্রাপ্য হবেন।

১৪। নিয়োগ সম্পর্কে কোন জটিলতা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন করতে পারবেন। যে কোন সময় যে কোন আবেদন বা নিয়োগ প্রক্রিয়া বাতিল করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৫.০৭.২০২৬

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কুমিল্লা
ও
আহ্বায়ক
জেলা পরিষদ কর্মচারী নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি।

জি-১০৯৮/২৬ (১০´´ X৪)